বিডিংয়ের অনুমতি পেয়েছে আমান কটন ফাইব্রাস

বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজার থেকে ৮০ কোটি টাকা উত্তোলন করছে আমান গ্রুপের প্রতিষ্ঠান আমান কটন ফাইব্রাস লিমিটেড। কাট-অফ প্রাইস নির্ধারণের লক্ষ্যে কোম্পানিটিকে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের মধ্যে বিডিংয়ের অনুমতি দিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। গতকাল বিএসইসির ৬১১তম কমিশন সভায় এ অনুমোদন দেয়া হয়।সভা শেষে বিএসইসির নির্বাহী পরিচালক ও মুখপাত্র সাইফুর রহমান স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, কমিশন আমান কটন ফাইব্রাসকে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিংয়ের মাধ্যমে কাট-অফ প্রাইস নির্ধারণের অনুমোদন দিয়েছে। এ পদ্ধতিতে প্রতিষ্ঠানটি শেয়ারবাজার থেকে ৮০ কোটি টাকার মূলধন সংগ্রহ করবে। মূলধনের অর্থ কারখানার নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংকঋণ পরিশোধ এবং আইপিও খরচ বাবদ ব্যয় করবে কোম্পানিটি। আইপিওর অর্থ উত্তোলনে কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড।http://bonikbarta.net

আধুনিকায়নে উপেক্ষিত যশোর বিসিক শিল্পনগরী

স্থানীয় ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশে ভূমিকা রাখছে বেশ। রয়েছে সম্প্রসারণের পথে এগিয়ে যাওয়ার যথেষ্ট সম্ভাবনা। সরকারও নানাভাবে লাভবান হচ্ছে এখান থেকে। কিন্তু শিল্প-বাণিজ্য ও কর্মসংস্থানের উন্নয়নে অবদান রাখছে যে যশোর বিসিক শিল্পনগরী, তার নিজের উন্নয়নই যেন থমকে গেছে। পণ্য উত্পাদনে সন্তোষজনক পারফরম্যান্স থাকা সত্ত্বেও অবকাঠামো ও অন্যান্য সুযোগ-সুবিধার আধুনিকায়ন থেকে বঞ্চিত হচ্ছে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) পরিচালিত দেশের দ্বিতীয় বৃহত্তম এ শিল্পনগরী। আর এসব কারণে স্থানীয় শিল্পোদ্যোক্তাদের মধ্যে ক্ষোভ তৈরি হচ্ছে।সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত অর্থবছরে (২০১৬-১৭) যশোর বিসিক শিল্পনগরীতে ৫৬২ কোটি ৩ লাখ টাকার পণ্য উত্পাদিত হয়েছে। এর মধ্যে স্থানীয় বাজারে ৩৪৩ কোটি ৬১ লাখ টাকার পণ্য বিক্রি হয়েছে। রফতানি হয়েছে ২১৮ কোটি ৪৫ লাখ টাকার পণ্য। উত্পাদনে গতিশীলতা থাকলেও শিল্পনগরীটির দৃশ্যমান কোনো উন্নয়ন হচ্ছে না। অবহেলিত এ শিল্পাঞ্চলের দিকে কর্তৃপক্ষেরও কোনো নজর নেই।http://bonikbarta.net

ব্রিটেনের ইইউ সদস্যপদ বাতিলের আইন পাস

রিটেনের ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সদস্যপদ বাতিলের জন্য একটি বিলের পক্ষে ভোট দিয়েছেন ব্রিটিশ এমপিরা। গতকালের এ ভোটকে ব্রিটিশ সরকারের ব্রেক্সিট কৌশলের গুরুত্বপূর্ণ মুহূর্ত হিসেবে দেখা হচ্ছে। যদিও এর মধ্য দিয়ে নজিরবিহীন ক্ষমতা দখলের অভিযোগ এনেছে বিরোধী দল। খবর এএফপি।পার্লামেন্টে ১৩ ঘণ্টারও বেশি সময় ধরে বিতর্কের পর ৩২৬-২৯০ ভোটে আইনটি পাস হয়। বিলটি এখন আরো নিরীক্ষার জন্য এমপিদের কাছে পাঠানো হবে। ১৯৭২ সালের যে আইনের মাধ্যমে ব্রিটেন ইউরোপীয় জোটে যুক্ত হয়েছে, সে আইনটি বাতিলের লক্ষ্যে গতকাল বিলটি পাস করা হয়েছে। এর ফলে বিদ্যমান প্রায় ১২ হাজার ইইউ প্রবিধান এখন ব্রিটিশ সংবিধিতে স্থানান্তর করা হবে।http://bonikbarta.net

আমদানি বাড়ায় হিলিতে কমেছে পেঁয়াজের দাম

ভারতের পেঁয়াজ উৎপাদনকারী অঞ্চলগুলোয় বন্যার কারণে গত মাসে দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে পেঁয়াজ আমদানি কমে গিয়েছিল। এখন আবহাওয়া পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়ে এসেছে। এ কারণে বেড়েছে পণ্যটির আমদানি। সরবরাহ বাড়ার জের ধরে হিলিতে পেঁয়াজের দামে নিম্নমুখী প্রবণতা দেখা যাচ্ছে। দুদিনের ব্যবধানে পাইকারি পর্যায়ে (ট্রাক সেল) প্রতি কেজি পেঁয়াজের দাম কমেছে ৩-৪ টাকা।হিলি স্থলবন্দর কার্যালয়ের তথ্যানুযায়ী, সাধারণত এ স্থলবন্দর দিয়ে ভারত থেকে প্রতিদিন ৫০-৬০ ট্রাক পেঁয়াজ আমদানি হয়। দেশটির উৎপাদনকারী অঞ্চলগুলোয় বন্যার কারণে সরবরাহ কমলে গত মাসের মাঝামাঝি সময়ে পেঁয়াজ আমদানি দৈনিক ২০-২৫ ট্রাকে নেমে আসে। তবে আবহাওয়ার উন্নতি ও কোরবানি ঈদের আগে চাহিদা বৃদ্ধির জের ধরে এ পরিস্থিতি বদলাতে শুরু করে।http://bonikbarta.net

গোডাউনে ধান মজুদ রেখে চালের সংকট সৃষ্টি

দেশের দ্বিতীয় বৃহত্তম চালের মোকাম কুষ্টিয়ার খাজানগরে চালকল মালিকদের কারসাজি ও সিন্ডিকেটের সন্ধান পেয়েছে টাস্কফোর্স। গোডাউনে লাখ লাখ টন ধান মজুদ রেখে কৃত্রিম সংকট ও চালের দাম বাড়িয়ে বাজারে অস্থিরতা সৃষ্টির পেছনে ওই সিন্ডিকেটের প্রত্যক্ষ মদদ ও কারসাজির তথ্য টাস্কফোর্সের অভিযানে বেরিয়ে এসেছে। চালের দাম বৃদ্ধির কারসাজিতে জড়িত থাকার দায়ে গত সোমবার টাস্কফোর্সের অভিযানে রশিদ এগ্রো ফুড ও অটো রাইচ মিলের মালিক এবং কেন্দ্রীয় চালকল মালিক সমিতির সভাপতি আব্দুর রশিদের প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।http://www.ittefaq.com.bd

চার বছর পর ছোট জাহাজ নির্মাণের অনুমোদন

বহির্নোঙরে পণ্য স্থানান্তর কাজে ব্যবহৃত লাইটার বা ছোট জাহাজ নির্মাণের অনুমতি দিয়েছে নৌপরিবহন অধিদপ্তর। চার বছর আগে এই ধরনের জাহাজ নির্মাণে কৌশলে নিষেধাজ্ঞা দিয়েছিল জাহাজ মালিক ও পরিচালকদের একটি অংশ। গত ৭ সেপ্টেম্বর এক আদেশের মাধ্যমে সেটি উন্মুক্ত করে দেওয়া হয়।আমদানিকারকরা মনে করছেন, এর ফলে দীর্ঘ চার বছর ধরে চলা ছোট জাহাজ সংকটের অবসান হবে। আমদানি পণ্য পরিবহনে খরচ অনেক কমে আসবে। আর চট্টগ্রাম বন্দরে খোলা পণ্যের দীর্ঘ জাহাজজট কিছুটা হলেও কমবে। আর জাহাজ মালিকরা বলছেন, পণ্য আমদানি করে জাহাজকে গুদাম হিসেবে ব্যবহার করার প্রবণতা বন্ধ করতে না পারলে নতুন জাহাজ তৈরি করেও পুরোপুরি সুফল মিলবে না।http://www.kalerkantho.com

ফনিক্স ফাইন্যান্সের বন্ড অনুমোদন

পুঁজিবাজারে আর্থিক খাতের কম্পানি ফনিক্স ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২০০ কোটি টাকার বন্ড অনুমোদন পেয়েছে। কম্পানিটির মেয়াদ সাত বছর। শুধু প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ড কিনতে পারবে। উত্তোলিত অর্থ দিয়ে টায়ার-২ ক্যাপিটাল বেজ শর্ত পূরণ করবে। প্রতি ইউনিটের মূল্য ৫০ লাখ টাকা।http://www.kalerkantho.com

গ্রামে টাকার প্রবাহ বাড়ছে

সরকারি-বেসরকারি বহুমুখী উদ্যোগে গ্রামে টাকার প্রবাহ বাড়ছে। ফলে ছোট ছোট উদ্যোক্তাও। প্রতিদিনই গড়ে উঠছে ছোট ছোট নতুন প্রকল্প। এ সব প্রকল্পের মধ্যে রয়েছে মাছের ঘের, হাঁস-মুরগি ও গরুর ফার্ম এবং বিভিন্ন ফলের বাগান। এ সব কাজ অধিকাংশ ক্ষেত্রেই অর্থায়ন করছে প্রবাসীরা। ওই পরিবার যেমন স্বাবলম্বী হচ্ছে, তেমনি বাড়ছে নতুন কর্মসংস্থান। সামগ্রিকভাবে এর প্রভাব পড়ছে দেশের জাতীয় অর্থনীতিতে। তবে উদ্যোক্তারা বলছেন, তাদের বড় সমস্যা হল আইনশৃংখলা পরিস্থিতি। মাঝে মাঝে তাদের প্রকল্প থেকে উৎপাদিত পণ্য চুরি হয়ে যায়। আর সরকার সহযোগিতা করলে স্বনির্ভর হয়ে দাঁড়াবে দেশের অর্থনীতি। এ সব উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছেন দেশের অর্থনীতিবিদরা।https://www.jugantor.com